

ওলো রেখে দে, সখী, রেখে দে, মিছে কথা ভালোবাসা ।  
সুখের বেদনা, সোহাগযাতনা, বুঝিতে পারি না ভাষা ॥  
ফুলের বাঁধন, সাধের কাঁদন, পরান সঁপিতে প্রাণের সাধন,  
লহো লহো বলে পরে আরাধন— পরের চরণে আশা ॥  
তিলেক দরশ পরশ মাগিয়া, বরষ বরষ কাতরে জাগিয়া  
পরের মুখের হাসির লাগিয়া অক্ষসাগরে ভাসা—  
জীবনের সুখ খুঁজিবারে গিয়া জীবনের সুখ নাশা ॥

---

Parjaay: Prem / Mayar-Khela, Taal: Ektaal, Raag: Khambaj  
Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail